# বোতল রিং বয়েন্সি এইড

Lifeboats




## সংগ্রহস্থল এবং সাইন

বোতল রিংটি সরাসরি সূর্যালোক থেকে দূরে অবস্থিত একটি পরিষ্কার এবং শুষ্ক জায়গায় সংরক্ষণ করতে হবে।

বোতল রিংটি এমন জায়গায় রাখতে হবে যেন যেকোনো প্রয়োজনে এটি ব্যবহার করা সম্ভব হয়। এটি ব্যবহার করার জন্য বোতল রিংয়ের কাছাকাছি একটি সাইন স্থাপন করতে হবে।

## মালিকানা

এলাকাবাসিদের মধ্যে একজন ব্যক্তিকে বোতল রিংয়ের মালিকানা দেওয়া উচিত। যিনি প্রতিদিন নিয়মিত বোতল রিংটি চেক করার মাধ্যমে এটি যেকোনো সময় ব্যাবহার করার উপযোগী আছে কিনা তা নিশ্চিত করবেন।

## এলাকাবাসিদের সচেতনতা

এলাকাবাসিদের বোতল রিংটি সম্পর্কে এবং এটি কোথায় স্থাপন করা হয়েছে তা জানাতে হবে। বোতল রিংটি কিভাবে উদ্ধার কাজে ব্যাবহার করা যেতে পারে তা সম্পর্কে এলাকাবাসিদের প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। এলাকাবাসিদের, বিশেষ করে বাচ্চাদের সচেতন করতে হবে যে বোতল রিংটি কোন রকম খেলনা হিসাবে ব্যবহার করা ঠিক হবে না।

## আইন

বোতল রিংটি  ব্যবহার বা নির্মাণের ক্ষেত্রে আপনার দেশের বা এলাকার সকল আইন-কানুন মেনে চলা নিশ্চিত করতে হবে।

## নিরাপত্তা

বোতল রিংটি শুধুমাত্র রেসকিউ সরঞ্জামের একটি অংশ বা সাঁতারের একটি সহায়ক হিসাবে ব্যবহার করা উচিত (যদি দড়ি ছাড়া ব্যবহার করা হয় তবে তা একজন দক্ষ সাঁতার শিক্ষকের তত্ত্বাবধানে হতে হবে)।


## বোতল রিং প্রতিস্থাপন

বোতল রিংটি প্রতি বছর বদলানো উচিত কারন সময়ের সাথে বোতলগুলো সূর্যের আলোতে ক্ষতিগ্রস্ত হয়।


## বোতল রিংয়ের শক্তি সামর্থ্য

একজন ব্যক্তি বোতল রিংটির একপ্রান্ত  টেনে ধরে এবং শেষ প্রান্তটি একটি স্থির বস্তুর সাথে সংযুক্ত করে (যেমন একটি গাছের সঙ্গে) পরীক্ষা করা উচিত।


লাইনটি এমন কোনো উপাদান থেকে তৈরি করা আবশ্যক যা পানিতে ভেসে থাকে। পলিপ্রপিলিন এক্ষেত্রে প্রায়ই ব্যবহৃত হয়।




# উৎপাদন নির্দেশাবলী





১. এক টুকরো ফ্যাব্রিককে ১৩৪০মিমি x ৩৫০মিমি আয়তক্ষেত্রের পরিমাপে কাটুন




২. ফ্যাব্রিকটি এমনভাবে ভাঁজ করুন যেন এর দৈর্ঘ্য বরাবর বাইরের দিকগুলো একসঙ্গে মুখ করে থাকে।



৩. প্রথমে ছোট প্রান্তটি এরপর লম্বা প্রান্তটিসহ সেলাই করুন, দুই প্রান্ত ব্যাকটেকিং (টাক দিয়ে সেলাই) করুন। এই কাজের জন্য একটি শক্ত ফ্যাব্রিক এবং শক্তিশালী সেলাই প্যাটার্ন ব্যবহার করুন।





৪. একটি ১০-১২মিমি সিম এলাওয়েন্স ব্যবহার করুন। একটি প্রান্ত খোলা রাখা নিশ্চিত করুন।



৫. আইটেমটির ভেতরের দিক উল্টিয়ে সঠিক দিক বের করুন, এখন একটি ‘ মোজা ’ আকৃতির ফ্যাব্রিক পাওয়া যাবে যার সেলাইটি ভিতরের দিকে থাকবে।





৬. প্রতিটি বোতল ১০০ মিলিমিটার পানি দিয়ে পূরণ করুন।




৭. বোতলের ক্যাপগুলো প্রতিস্থাপন/বদলানো এবং শক্তভাবে আটকানো নিশ্চিত করুন।




৮. বোতলগুলো ব্যাগের ভেতর রাখুন, দুই প্রান্তের বোতলের ঢাকনাগুলি বাইরের দিকে মুখ করে রাখুন।




৯. বোতলগুলো ঢোকানো অবস্থায় সেলাইয়ের আগে কাপড়ের খোলা প্রান্তটি ভাঁজ করুন।





১০. প্রতিটি প্রান্ত থেকে উভয় প্রান্তে ২০ মিমি একটি সোজা সেলাই করুন।



১১. বোতলগুলো ব্যাগের মাঝখান দিক বরাবর সাজান, এরপর এগুলোকে ত্রিভুজ আকৃতিতে তৈরি করুন।



১২. দুটি সেলাই করা প্রান্ত একসাথে মিলান এবং সেলাই করুন, নিরাপদ হওয়ার জন্য উল্টা দিকেও সেলাই করুন। এই কাজের জন্য একটি শক্তিশালী সেলাই প্যাটার্ন ব্যবহার করুন।



১৩.সবশেষে, মধ্যে অবস্থিত বোতলটি প্রয়োজনমত পেঁচাতে থাকুন যেন পুরো সমাবেশটি শক্ত হয় ।



১৪.পদক্ষেপ ১৪-১৭ অনুসরণ করে আপনার লাইনটি সংযুক্ত করুন। এটি একটি বোঁলাইন গিঁট।




১৫.একটি লাইন সংযোজন। আপনি ভিডিওটি দেখতে পারেন: https://youtu.be/Q9NqGd7464U



১৬. একটি লাইন সংযোজন



১৭. একটি লাইন সংযোজন




১৮. একটি লাইন সংযোজন। এটি নিশ্চিত করুন যেন লাইনের লেজটি প্রস্থে কমপক্ষে এক হাত চওড়া হয়।

# অতিরিক্ত তথ্য

Lifeboats


## রেসকিউ ব্যবহার

নিম্নলিখিত পদক্ষেপগুলি একটি রেসকিউ কার্যক্রমে কিভাবে বোতল রিং ব্যবহার করা হয় তা জানতে সাহায্য করে।




### ধাপ ১

- বিপদগ্রস্ত ব্যক্তির মনোযোগ আকর্ষণের চেষ্টা করুন।
- বাতাস এবং পানির প্রবাহ বিবেচনায় রেখে আপনার থ্রো-টি মনে করে অ্যাডজাস্ট করুন।



### ধাপ ২

- বিপদগ্রস্ত ব্যক্তিটিকে একটি ভাসমান বস্তু যেমন দড়ি বা পানিধারক পাত্র নিক্ষেপ করুন।
  যদি সম্ভব হয় তাহলে ভাসমান বস্তুটির সঙ্গে একটি লাইন সংযুক্ত করুন যার মাধ্যমে ব্যক্তিটিকে তীরের দিকে টেনে আনা সম্ভব হবে।



### ধাপ ৩

- ব্যক্তিটিকে নিরাপদ অবস্থানের দিকে টানতে থাকুন, একইসঙ্গে এই কাজে সাহায্যের জন্য ব্যক্তিটিকে ক্রমাগত পা ঝাঁপটাতে বলুন।

ওয়েব: RNLI.org ইমেইল: international@rnli.org.uk

## ব্যবহার পরিবর্তী যত্ন

বোতল রিং এবং লাইনটি ব্যবহারের পরে ক্ষতির জন্য পরিদর্শন করা উচিত, যদি সম্ভব হয় বোতল রিং এবং লাইনটি মিষ্টি পানির মধ্যে পরিষ্কার করতে হবে এবং একটি উষ্ণ স্থানে শুকাতে দিতে হবে (কিন্তু সরাসরি সূর্যালোক এড়াতে হবে)।

পরিষ্কারের পর সরঞ্জামাদি যত তাড়াতাড়ি সম্ভব উদ্ধার এলাকায় আবার ফিরিয়ে দিতে হবে।

## নিরীক্ষণের সময়সূচী

লাইন এবং বোতল রিংটি প্রতিবার ব্যবহারের পরে এবং প্রতি মাসে অন্তত একবার নিরীক্ষণের জন্য পরিদর্শন নিশ্চিত করতে হবে যাতে এগুলোর ব্যবহারের উপযুক্ততা এবং কোন রকম ক্ষতিগ্রস্ত না হওয়া নিশ্চিত করা যায়।

নিরীক্ষণের সময় নিম্নলিখিত পদ্ধতিগুলো যেন সম্পন্ন করা হয় তা নিশ্চিত করতে হবে।

- লাইনটি বোতল রিং এর সঙ্গে যেন সঠিক গিঁট দিয়ে বাঁধা হয় তা নিশ্চিত করুন।
- উপাদান এবং সেলাই চেক করুন যেন ক্ষতিগ্রস্ত ম্যাটিরিয়াল এড়ানো সম্ভব হয় এবং প্রয়োজন হলে তা প্রতিস্থাপন করা যায়।
- বোতলগুলো যে সিল করা অবস্থায় আছে এবং সেগুলো জল ধারণ করতে সক্ষম তা নিশ্চিত করতে রিংটি চেপে সঙ্কুচিত করুন।
- বোতল রিংটি পানিতে নিক্ষেপ করে আবার টেনে আনার মাধ্যমে পরীক্ষা করুন।
- একটি গাছের চারপাশে লাইনটি বেঁধে এবং বোতল রিংটি টেনে আনার মাধ্যমে বোতল রিং এবং লাইনটি পরীক্ষা করুন। সতর্কতা অবলম্বন করুন যেন বোতলগুলো ভেঙ্গে না যায়।
- কোন অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা তা নিশ্চিত  করার জন্য লাইনটির সম্পূর্ণ দৈর্ঘ্য পরীক্ষা করুন। যদি কোন অংশ ক্ষতিগ্রস্ত হয়ে থাকে তবে সমগ্র লাইনটি প্রতিস্থাপন করুন।

## মন্তব্য এবং প্রতিক্রিয়া

আর.এন.এল.আই এই তথ্যবলী এবং বোতল রিংয়ের ডিজাইন সম্পর্কিত যেকোনো মন্তব্য এবং প্রতিক্রিয়া স্বাগত জানায়।

ম্যানুয়াল বিষয়ক যেকোনো মন্তব্য এবং প্রতিক্রিয়া international@rnli.org.uk -এ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

যদি আপনার নিকট এই সরঞ্জামটি ব্যবহারজনিত কোন অভিজ্ঞতা শেয়ার করার থাকে অথবা আপনি এটি ব্যবহার করে কারো জীবন বাঁচাতে সাহায্য করেছেন, তবে এই বিষয়ক যেকোনো তথ্য এবং ছবি international@rnli.org.uk -এ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

### দাবি পরিত্যাগী

এই ম্যানুয়ালের বিষয়বস্তু শুধুমাত্র সাধারণ নির্দেশনার জন্য উপযুক্ত। এটি সেরা অনুশীলনগুলোর প্রতিনিধিত্ব করে প্রকাশনার তারিখ পর্যন্ত এবং এটিকে আইনি পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। এই ম্যানুয়াল যারা ব্যবহার করতে ইচ্ছুক তাদের প্রয়োজন হলে পেশাদারীদের নিকট পরামর্শ চাওয়া উচিত।এই নথিতে কোন ত্রুটির জন্য আর.এন.এল.আই দায়ভার স্বীকার করে না।

সর্বাধিক আইন দ্বারা অনুমোদিত আর.এন.এল.আই এই বোতল রিং ম্যানুয়াল ব্যবহারের কোন ফলাফলের জন্য দায়িত্ব এবং ওয়ারেন্টি বহন করবে না।

বোতল রিংটি ব্যবহারকারিকে সম্পূর্ণ নিজস্ব ঝুঁকিতে ব্যবহার করতে হবে।

আর.এন.এল.আই ইংল্যান্ড এবং ওয়েলস (২০৯৬০৩) এবং স্কটল্যান্ড (SC০৩৭৭৩৬) নিবন্ধিত একটি দাতব্য প্রতিষ্ঠান। রিপাবলিক অফ আয়ারল্যান্ডে নিবন্ধিত দাতব্য সংখ্যা ২০০০৩৩২৬।